কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের

প্রস্তুতিসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে তরুন্যর জয়যাত্রা প্রোগাম সফল
করার জন্য আজ রবিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন
যুবলীগের আয়োজনে ইউনিয়ন পরিষদ হলরুমে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কুড়ুলগাছি ইউনিয়ন সভাপতি দেলোয়ার হোসেন বিপু ‘র সভাপতিত্বে অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন

সাধারণ সম্পাদক রিপন, সহ সভাপতি, আলমগীর,তারিকুল, সঞ্জয়, মামুন অর রশিদ,যুগ্ম সম্পাদক শিমুল, শেখ সুমন,সাংগঠনিক সম্পাদক মামুন, অর্থ সম্পাদক রবিউল ইসলাম, মুক্তিযোদ্ধা সম্পাদক, আবুল কালাম আজাদ, সহ সম্পাদক ওয়াজ,খালিদ,সদস্য, লাবলু, আলমগীর, বকুল, মাছুম, জসিম, সামাদ,আরিফ , খোকন, কালু প্রমুখ।

আলমডাঙ্গায় গাঁজাসহ ব্যবসায়ী

গ্রেপ্তার

আলমডাঙ্গার পৌরসভাধীন সাদাব্রিজ এলাকা থেকে ২০০ গ্রাম গাঁজাসহ এক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ রবিবার বিকেল ৫ টার দিকে থানাপুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে।

আটকৃত মাদক ব্যবসায়ী কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের মৃত নুর আলীর ছেলে রমজান আলী (৪৫)।

পুলিশ সূত্রে জানাযায়, আজ রবিবার বিকেল ৫ টায় পৌরসভাধীন সাদাব্রিজ প্রাঙ্গণে মাদক দ্রব্য গাঁজা বিক্রয়ের সংবাদে পুলিশ অভিযান পরিচালনা করে। এসময় শ্রীরামপুর গ্রামের মাদক ব্যবসায়ী রমজান আলীকে গ্রেপ্তার করে। পুলিশ তার শরীর তল্লাশী করে ২শ গ্রাম গাঁজা উদ্ধার করে। আটক রমজানের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায়

মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

আলমডাঙ্গায় চোরাই মোবাইল চক্রের ১০ সদস্য আটক; ৭ মোবাইল উদ্ধার

ছিনতাই ও চোরাই মোবাইল ফোন ক্রয়-বিক্রয় চক্রের ১০ সদস্যকে আটক করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে বিভিন্ন ব্রান্ডের ৭টি চোরাই মোবাইল সেট উদ্ধার করা হয়।

গতকাল শনিবার রাতে পৃথক অভিযান চালিয়ে পৌরসভার বিভিন্ন এলাকা থেকে আলমডাঙ্গা থানার পুলিশ তাদের আটক করে। তারা সকলেই মাদক বিক্রেতা ও সেবন কারী। তাদের বিরুদ্ধে থানায় একাধিক মাদক মামলাও চলমান রয়েছে জানান থানার ওসি বিপ্লব কুমার নাথ।

আটকরা হলেন- মূল হোতা আশিকুজ্জামান রুপক (২৭), সাহিল রহমান ডন (২৪), শ্রী শুবেন্দ্র কুমার সাহা (২৮), মঞ্জুরুল ইসলাম (৩৮), আজাহারুল ইসলাম আকাশ (২৪), শ্রী শুভ সাহা (৩০), শ্রী তাপস কুমার বিশ্বাস (২০), শ্রী বিশ্বজিত অধিকারী (২২), নাহিদ হাসান (২০), আব্দুল্লাহ (৩০)।

পুলিশ সূত্রে জানাযায়, শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে পৌরসভাধীন হাউসপুর ব্রিজ সংলগ্নে চোরাই ও ছিনতাই হওয়া মোবাইল ফোন সেট ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান পরিচালনা করে থানা পুলিশ। ওই অভিযানে ছিনতাই ও চোরাই মোবাইল ক্রয়-বিক্রয় চক্রের মূল হোতা রুপককে আটক করা হয়। এ সময় চোরাই মোবাইল ক্রেতা শ্রী বিশ্বজিত অধিকারী ও নাহিদকেও আটক করে পুলিশ। তাদের কাছ থেকে বিভিন্ন ব্রান্ডের আইএমই পরিবর্তন ২ টি মোবাইল সেট উদ্ধার করা হয়। পুলিশের জিজ্ঞাবাদে আরো ৬ সদস্যের নাম প্রকাশ করে ছিনতাই ও চোর চক্রের সদস্যরা। তাদের স্বীকারোক্তিতে পৌর এলাকার কলেজপাড়ার সাহিল রহমান ডন, শ্রী শুবেন্দ্র কুমার, শ্রী তাপস কুমার বিশ্বাস, আজাহারুল ইসলাম আকাশ, শ্রী শুবেন্দ্র কুমার সাহা,

নাহিদ হাসান ও এরশাদপুর গ্রামের মঞ্জুরুল ইসলামকে গ্রেপ্তার করে পুলিশ। তাদের নিকট থেকে আরো ৫ টি চোরাই মোবাইল ফোন উদ্ধার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, শনিবার রাত-ভোর বিভিন্ন স্থানে পৃথক অভিযানে ১০ জনকে আটক করা হয়েছে। এ সময় ৭টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। আটককৃতরা অনেক দিন ধরে চোরাই ও ছিনতায়ের সাথে সরাসরি জড়িত। গোপনে এসব মোবাইল সেটগুলো আইএমই পরিবর্তন করে ক্রয়-বিক্রয় করে আসছে।

দর্শনায় ৪০ লিটার বাংলা মদসহ গ্রেফতার ১

দর্শনার রামনগরে কাঠের দোকানে অভিযান চালিয়ে ৪০ লিটার বাংলামদসহ একজনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানাগেছে গতকাল শনিবার সন্ধা ৭ টার দিকে দর্শনা রামনগরে থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ (চল্লিশ) লিটার বাংলামদসহ বাদল শেখ(৫০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে । গ্রেপ্তারকৃত বাদল শেখ দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামের মৃত হায়াত আলী ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পৌরসভার রামনগর মোড়ে একটি কাঠের দোকানে। এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে এসআই ফাহিম হোসেন, এএসআই, আশিকুর রহমান ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর মোড়ের একটি কাঠের দোকানে।

এসময় দোকানের ভিতরে হতে অবৈধ মাদকদ্রব্য ৪০ (চল্লিশ) লিটার বাংলা মদসহ একই গ্রামের (মাঝপাড়া) মৃত হায়াত আলীর ছেলে বাদল শেখকে গ্রেফতার করেন। গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় চোরাকারবারীদের ধারালো অস্ত্রের আঘাতে দুই বিজিবি সদস্য রক্তাক্ত জখম আটক-১

দর্শনার নাস্তিপুর সীমান্তে শরিফুল ইসলাম নামের এক স্বর্ণ চোরাচালানীকে স্বর্ণ সহ আটক করে বিজিবি। স্বর্ণ সহ আসামি আটকের ঘটনায় চোরাচালানীরা সঙ্গবদ্ধ হয়ে দেশীয় ধারালো অস্ত্রসস্ত্রে সজ্জিত হয়ে বিজিবির উপর হামলা চালায় চোরাচালানীরা।

এ হামলায় চোরাচালানী মালামাল স্বর্ণ সহ আসামি ছিনিয়ে নেওয়া সহ চোরাকারবারীদের হামলায় ধারালো অস্ত্রের আঘাতে রক্তাক্ত জখম হয়ে আহত হয় বিজিবির নায়েক আব্দুল হাকিম ও সিপাহী মেহেদী হাসান নামের এক বিজিবি সদস্য। আহত বিজিবি সদস্যদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।গত শুক্রবার (১৪ জুলাই) দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের কবরস্থানের নিকট এ ঘটনা ঘটে।

আহত বিজিবির নায়েক আব্দুল হাকিম ও সিপাহী মেহেদী হাসান চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধীনস্থ সুলতানপুর সীমান্ত বিওপি ক্যাম্পে কর্মরত রয়েছে। পরে অভিযান চালিয়ে হামলার প্রধান আসামি নবীউল ইসলাম ওরফে নবীনকে (৩৬) আটক করে বিজিবি। আটক নবীন ও চোরাকারবারী শরিফুল উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের স্কুলপাড়ার আব্দুল করিম ওরফে করিম মৌলবীর ছেলে। এ ঘটনায় শুক্রবার রাতে হামলাকারী নবীনকে দর্শনা থানায় সোপর্দ করে ৭ জনের নাম উল্লেখ সহ অজ্ঞাত আরও ৫/৬ জনকে আসামি করে মামলা দায়ের করেছে বিজিবি। পরে দর্শনা থানা পুলিশ মামলার আসামি নবীনকে
চুয়াডাঙ্গা আদালতে প্রেরণ করেছে।

এলাকাবাসি ও পুলিশ সূত্রে জানাগেছে,গত শুক্রবার বিকাল ২ টার দিকে

করা হলে তিনি কোন মন্তব্য করতে রাজি হননি।

দামুড়হুদা প্রেসক্লাবের ৫জন কে বহিষ্কার

দামুড়হুদা প্রেসক্লাবে জরুরি সভায় গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের অভিযোগে ৫জন সদস্যকে বহিষ্কার করা হয়েছে। আজি শনিবার দুপুর ১২টার দিকে দামুড়হুদা প্রেসক্লাব মিলনায়তনে এক জরুরি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে ও প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবির সঞ্চালনায় জরুরি সভায় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, মেহেদী হাসান মিলন, ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য শামসুজ্জোহা পলাশ, জাহিদুর রহমান মুকুল, আব্দুস সালাম, সিনিয়র সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, এসএম সুজন, সালাউদ্দিন, শাহজালাল বাবু, রাসেল আহমেদ, মশিউর রহমান প্রমুখ।

জরুরি সভায় প্রেসক্লাবের গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের সাথে জড়িত থাকার অভিযোগে সদস্য বখতিয়ার হোসেন বকুল, আব্দুল লতিফ, রতন বিশ্বাস, শরিফ উদ্দীন, মোমিনুল হক কে সর্ব সিদ্ধান্তনুযায়ী বহিষ্কার করা হয়েছে। আগামীতে তাদের কোনো আইনবহির্ভূত কর্মকাণ্ডের বিষয়ে দামুড়হুদা প্রেসক্লাব দায়বদ্ধ থাকবে না।

আলমডাঙ্গায় মহিলা অধিদপ্তরের

হস্তক্ষেপে বন্ধ হলো বাল্যবিবাহ

আলমডাঙ্গা উপজেলায় মহিলাবিষয়ক অধিদপ্তরের হস্তক্ষেপে নবম শ্রেণি ছাত্রীর বিয়ে বন্ধ করা হয়েছে। আজ শনিবার দুপুরে উপজেলার বাড়াদী ইউনিয়নের এনায়েতপুর গ্রামে এ বিয়ের আয়োজন করা হয়।

উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত জানান, গতকাল শনিবার দুপুরে বাড়াদী ইউনিয়নে নবম শ্রেণিতে পড়া এক ছাত্রীর বিয়ের আয়োজন চলছে এমন খবর পান তাঁরা। খবর পেয়ে অধিদপ্তরের জেন্ডার প্রমোটর সানজিদা আক্তারের নেতৃত্বে কিশোর-কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক রাজিব কুমার বেদকে ঘটনাস্থলে পাঠানো হয়। তাঁরা সেখানে গিয়ে বাল্যবিবাহ আয়োজনের বিষয়টি নিশ্চিত হন।

মাকসুরা জান্নাত বলেন, তিনি বিষয়টি থানা-পুলিশকে জানালে স্থানীয় মুন্সিগঞ্জ পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক ইউসুফ আলীর নেতৃত্বে একদল পুলিশ ঘটনাস্থলে যায়। পুলিশ সদস্যরা যাওয়ার পর জেন্ডার প্রমোটর সানজিদা আক্তার কনের জন্মসনদ দেখে নিশ্চিত হন তার বয়স ১৫। তিনি বিয়ে বন্ধ করে দিয়ে রবিবার সকালে কনেসহ কনের মাবাবাকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে হাজির হতে বলেন এবং মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না মর্মে মুচলেকা নেন।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ৯২ ব্যচ প্রথম পূর্ণমিলনী অনুষ্ঠিত

সারাদিন বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে এই ১ম পূর্ণমিলনী অনুষ্ঠান পালন করেন। বন্ধুত্বের বন্ধন আজীবন এই স্লোগানকে সামনে রেখে সকল সদস্যর এক ক্লালারে টি শার্ট পরিহিত অবস্থায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের গেট থেকে র্যালি বের হয়ে বাসস্টান্ড এলাকা

ঘুরে ১ম পূর্ণমিলনী জানান দেন। পরে কোরআন তেলোয়াতের মধ্য দিয়ে পরিচয় পর্ব শেষে আলোচলা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ৯২ ব্যাচের ছাত্র আব্দুল হালিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন আব্দুল হালিম ভুট্ট, নির্বাহী সদস্য, মোঃ গিয়াস উদ্দীন ডেলিস, সহ-সভাপতি, মোঃ আশাদুর রহমান বাদশা, মোঃ মাহফুজুর রহমান বেল্টু, সহ-সম্পাদক একরামুল হক, আব্দুল খালেক, মোমিনুর রহমান, সাইদুর রহমান, প্রচার সম্পাদক আব্দুল মোমিন,মোঃ নুরুল ইসলাম বাপ্পি,গিয়াস উদ্দীন, এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন, উপদেষ্টা পরিষদের সদস্য নাসির উদ্দীন আবুল হাসান মোঃ এনায়েত করিম, মসিউর রহমান, একরামুল হক,আব্দুল খালেক,একরামুল হক, মাহফুজুর রহমান মোঃ সাইফুদ্দিন, আব্দুল খালেক মাহফুজুর রহমান,মোমিনুর রহমান।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আব্দুল খালেক মাষ্টার।

দামুড়হুদায় জেলা প্রশাসক ও তাঁর পত্নীর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

বদলিজনিত বিদায় চুয়াডাঙ্গা জেলা প্রশাক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন ও তারত্নী জেলা লেডিস ক্লাবের ম্যাচ মেহনাজ খাঁ বাঁধনের বিদায় সংবর্ধনা বৃদ্ধি করা হয়েছে।

আলমডাঙ্গার জেহালায় দিলীপ কুমার আগরওয়ালার ছাতা বিতরণ

আলমডাঙ্গার জেহালা ইউনিয়নের জনগনের মাঝে ১ হাজার ছাতা বিতরন করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য, এফবিসিসিআইয়ের পরিচালক ও বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) এর সাধারন সম্পাদক ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক ও তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান দিলীপ কুমার আগরওয়ালা দিলীপ কুমার আগারওয়ালা।

এ সময় দিলীপ কুমার আগরওয়ালা বলেন, ‘আমি প্রধানমন্ত্রীর বিস্ময়কর এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং চুয়াডাঙ্গা-আলমডাঙ্গাকে স্মার্ট করে গড়ে তুলতে চুয়াডাঙ্গা-১ আসন থেকে নৌকা প্রতীকের প্রার্থী হতে চাই। আমি গত ১০ বছর ধরে এ জেলার মানুষের কল্যাণে ও উন্নয়নে কাজ করে চলেছি। সেই ধারাবাহিকতায় আজ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপহারের ছাতা বিতরণ করছি। পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে ওয়ার্ডে জননেত্রীর এই উপহার বিতরণ করা হবে।’

এবারের বর্ষায় জনসাধারণের মাঝে স্বস্তির জন্য শুক্রবার বিকেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ছাতা উপহার প্রদান উপলক্ষে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ফুটবল মাঠে অনুষ্ঠিত এক আলোচনা ও মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে রহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিলীপ কুমার আগরওয়ালা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষক লীগের সাংগঠনিক ইলা, আবুল কালাম আজাদ সাঃ সম্পাদক উপজেলা আলমডাঙ্গা কুতুবউদ্দিন কৃষক লীগ সভাপতি আম্মদ আলী, সাঃ সম্পাদক আরিফ হোসেন নয়ন, সহ সভাপতি সেচ্ছাসেবক লীগ রিয়াজ উদ্দিন মুক্তিযোদ্ধা প্রমূখ।